

# চাই কবিতা ও সূর্যোদয়

দর্পণ কবীর

পৃথিবীর তাবৎ কবিদের উলংগ করে  
যুদ্ধবাজরা মত্ত রক্তের হোলি খেলায়। উপাসনালয়গুলো  
পরিণত হয়েছে যেন দস্যুদের জলসা ঘরে, শান্তির  
নামতা পড়ে মায়াবী মুখোশ। শ্বাসরুদ্ধ সময়ে  
বদলে যাচ্ছে বৃষ্টির রঙ, বাতাসের সজীবতা, প্রকৃতির অবয়ব . . . .।

আকাশ ঝেড়ে নক্ষত্র লুটে নিয়ে  
যায় বণিকের দল, বারুদের গন্ধে সভ্যতা  
দিশেহারা। অনিশ্চিত ভবিষ্যতের দিকে ধাবমান  
আমাদের দিনলিপি! বিবেককে ক্রশবিদ্ধ  
করে আর কত বসে থাকা? হে কবি, জেগে  
ওঠো আলোকবর্তিকার মতো, অন্ধকারের কুহেলিকায়।

কবিতা ও প্রেমে, সনেটের প্রতিবাদে  
জাগাও নিলুপ্তদের রোমান্টিক দ্রোহে। কবিতার  
মিছিলে ভেঙে পড়ুক যুদ্ধবাজের মসনদ, উদ্ভাসিত  
হোক মানবিকতার করোজ্জ্বল সূর্য।